সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

# প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৫ তম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৫ তম সভা গত ২৬ জুন, ২০২২ তারিখ অপরাহ্ন ৪:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (অপারেশন্স) | সদস্য |
| ২. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৩. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৪. | এম.আই.এম. জুলফিকার<br>প্রজেক্ট কো-অর্ডিনেটর, কমপোনেন্ট-৩, এসসিএমএফপি | সদস্য |
| ৫. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক, এমই অ্যান্ড এল | সদস্য |
| ৬. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |
| ৭. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিমান কুমার ঘোষ, জুনিয়র কর্মকর্তা (সুশাসন ও জবাবদিহিতা) ।

**সভার আলোচ্যসূচী:**

১. গত ২৪/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।
৩. এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২০২২ প্রসঙ্গ।
৪. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গ।
৫. কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।
৬. বিবিধ।

**আলোচ্যসূচী-১:**

গত ২৪/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতপর গত ২৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:**

২৪/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১৪তম সভার সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচী-২:**

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন): প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে ।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন): এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি সভার তথ্য ফাইলে সংরক্ষণ করা হচ্ছে।
- সূচক ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন): চার প্রান্তিকের মোট লক্ষ্যমাত্রা হতে মোট অর্জন বেশি হয়েছে।
- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন): এই সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং কর্মসূচি চলমান আছে। একটি কমিটি করা হয়েছে যার কাজ চলমান। এই বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন, স্বাস্থ্যবিধি সবাইকে সঠিকভাবে মানতে হবে এবং সতর্কতা অবলম্বন করতে হবে কারণ বর্তমানে সারাদেশে Covid-19 আক্রান্তের হার দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ।
- সূচক ১.৬ (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ): লক্ষ্যমাত্রা লক্ষ্যিত সময়ের আগে অর্জিত হবে বলে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন।
- সূচক ১.৭ (আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান): লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হবে বলে

নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন। এই বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক প্রতিটি সভার তথ্য ফাইলে সংরক্ষণ করতে বলেন।

- সূচক ১.৮ (শুদ্ধাচার পুরস্কার প্রদান): এ সংক্রান্ত আলোচনা আলোচ্যসূচী-৩ বর্ণিত হয়েছে।
- সূচক ২.২ (প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন): জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ৩য় প্রান্তিকের প্রতিবেদনে সূচক ২.২ (প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন)-এ SCMFP-এ এর তথ্য প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত দিয়ে সভার সভাপতি বলেন এখানে আরইএলআই-এর সাথে সামঞ্জস্য রেখে তথ্য প্রদান করতে হবে। অর্থাৎ তা হবে প্রযোজ্য নয়।
- সূচক ৩.১ (দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ): এই সূচকে কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.২ (ই-ফাইলিং): সুশাসন ও জবাবদিহিতা বিভাগের মহাব্যবস্থাপক জানান ই-ফাইলিং বিষয়ে দুইটি পত্র WhatsApp-এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব মো: মখলেছুর রহমানকে প্রেরণ করা হয়েছে। এদিকে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আইটি অফিসার জনাব তাহসিন আহমেদের সাথে যোগাযোগ করা হয়েছে। তিনি যথেষ্ট সহযোগিতামূলক মনোভাব প্রদর্শন করেছেন এবং আমাদেরকে সরকারের ICT বিভাগের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করেছেন। পরে সরকারের ICT( Information and Communication Technology) বিভাগের Access to Information (A2I) অনুবিভাগের জনাব আব্দুল্লাহ আল ফাহিমের সাথে আলোচনা করা হয়েছে। আলোচনায় জনাব আব্দুল্লাহ আল ফাহিম জানিয়েছেন সরকারের ই-ফাইলিং কার্যক্রমে সংযুক্ত হতে হলে : -
    - A2I কে সংশ্লিষ্ট সংস্থার অর্গানোগ্রাম দিতে হবে (বাংলা নিকোশ ফন্টে);
    - অন্যান্য প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে;
    - সার্ভারে স্পেস ঘাটতি থাকার কারণে সরকারের ই-ফাইলিং কার্যক্রমে অন্তর্ভুক্ত হবার বিষয়টি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে করা হয়। তাই যথা সম্ভব দ্রুততার সাথে এই বিষয়ে কার্যকর প্রদক্ষেপ নেবার জন্য তিনি পরামর্শ দিয়েছেন।
- সূচক ৩.৩ (নারীর ক্ষমতায়ন): এই সূচকে কর্মসূচি চলমান আছে।
- সূচক ৩.৪ (সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ): এই সূচকের কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.৫ (শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ): এই সূচকের কার্যক্রম চলমান আছে।

**আলোচ্যসূচী-৩:**

এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২০২২ প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন, শুদ্ধাচার পুরস্কার প্রদান ৩০ জুন, ২০২২ এর মধ্যে সম্ভব হচ্ছে না। আগামী প্রান্তিকের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

এ সংক্রান্ত আলোচনায় জনাব এম.আই.এম. জুলফিকার, প্রজেক্ট কো-অর্ডিনেটর, কমপোনেন্ট-৩, এসসিএমএফপি ব্যবস্থাপনা পরিচালককে এসসিএমএফপি প্রকল্পে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রধান কার্যালয়ে একটি কমিটি গঠনের অনুরোধ করেন। জবাবে ব্যবস্থাপনা পরিচালক, জনাব এম.আই.এম. জুলফিকারকে একটি প্রস্তাব পেশ করতে অনুরোধ করেন।

জনাব মো: মাহবুবুল আলম, পরিচালক (অর্থ ও ক্রয়) ব্যবস্থাপনা পরিচালককের কাছে জানতে চান যে, প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কারের জন্য প্রস্তাব দাখিল করা যাবে কিনা। জবাবে ব্যবস্থাপনা পরিচালক বলেন প্রধান কার্যালয়ের প্রতিটি বিভাগের প্রধান তার বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কারের জন্য প্রস্তাব প্রদান করতে পারবেন।

**আলোচ্যসূচী-৪:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দেয়া হয়েছে, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে আঞ্চলিক ব্যবস্থাপকদের (সুশাসন ও জবাবদিহিতা) সাথে অনুষ্ঠিতব্য জুম মিটিং-এ সংক্রান্ত আলোচনা করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

আগামী সভায় মাঠ পর্যায়ে সকল আঞ্চলিক ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)-এর সাথে জুম মিটিং-এ আলোচনা হতে প্রাপ্ত ফিডব্যাক ও নৈতিকতা কমিটির সকল সম্মানিত সদস্যের মতামতের উপর আলোচনা করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকার খসড়া চূড়ান্ত করতে হবে। অতপর ওয়েবসাইটে আপলোড করা হবে।

**আলোচ্যসূচী-৫:**

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

**আলোচনার সারসংক্ষেপ:**

সাম্প্রতিককালে সারাদেশে কোভিড-১৯ (Covid-19) আক্রান্তের হার দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ও কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে মাস্ক পরিধান এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণে যথেষ্ট শৈথিল্য পরিলক্ষিত হওয়ায় সকল কর্মকর্তা/কর্মচারীদের এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা প্রয়োজন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি